

এয়ারক্রাফটের ভেতরে স্বর্ণ পাওয়া গেলে কঠোর ব্যবস্থা

- A Monitor Desk Report

Date: 18 November, 2024



ঢাকাঃ এয়ারক্রাফটের ভেতরে স্বর্ণ পাওয়া গেলে কঠোর ব্যবস্থা নেওয়া বলে হিশিয়ারি দিয়েছেন জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান আব্দুর রহমান খান।

তিনি বলেন, ‘যেসব এয়ারক্রাফটের ভেতরের স্বর্ণ পাওয়া যাবে এর দায়-দায়িত্ব তাদেরই নিতে হবে। বার বার এ ধরনের ঘটনা ঘটলে সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা করে প্রয়োজনে আমরা আইনগত ব্যবস্থা নেবো।

রবিবার (১৭ নভেম্বর) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে কাস্টমস হেল্প ডেস্ক উদ্বোধন অনুষ্ঠান শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

আব্দুর রহমান খান বলেন, ‘এয়ারক্রাফটের অনেক স্পর্শকাতর জায়গা থেকে স্বর্ণ উদ্ধারের ঘটনা ঘটে। আমরা এ বিষয়গুলো খুব গুরুত্বের সঙ্গে নিচ্ছি। তদন্ত করে অভিযুক্তদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।’

সাংবাদিকদের আরেক প্রশ্নের জবাবে এনবিআর চেয়ারম্যান বলেন, ‘ব্যাগেজ বুলসের সুবিধা নিয়ে একই যাত্রীর বার বার স্বর্ণ আনার ঘটনাও আমরা দেখতে পাচ্ছি। এসব যাত্রীর বিরুদ্ধে ব্যবস্থা নেবে জাতীয় রাজস্ব বোর্ড।’

তিনি বলেন, ‘হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের যাত্রী সেবায় বিভিন্ন সংস্থা নানা ধরনের পদক্ষেপ নিয়েছে। কাস্টমসের পক্ষ থেকেও ব্যবস্থা নেওয়া হচ্ছে। যাত্রীরা যেন সহজেই কাস্টমসের কাছ থেকে সেবা পান, সে ব্যবস্থা আমরা গ্রহণ করেছি।’

বিমানবন্দরের ভেতরে কাস্টমস হেল্প ডেস্কের মাধ্যমে যাত্রীসেবা আরও ত্বরান্বিত হবে বলে আশা করেন আব্দুর রহমান খান।

তিনি বলেন, ‘কাস্টমসের কাছ থেকে যাত্রী নাজেহালের কোনও অভিযোগ এলেও আমরা তার বিরুদ্ধে ব্যবস্থা নেবো।

